# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৪/২০১৮-১৯**

**ঢাকা, বুধবার, ১৮ জুলাই ২০১৮, ৩ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় বৃক্ষরোপণ অভিযান শুরু : আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

২। মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা জিটুপি পদ্ধতিতে প্রদান কার্যক্রমের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। বড় বোনের মৃত্যুতে সমবেদনা জানাতে আইনমন্ত্রীর বাসায় প্রধানমন্ত্রী

৪। প্রসূতি মায়ের জন্য দেওয়া অ্যাম্বুলেন্সের সঠিক ব্যবহার করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
কল সেন্টার 'সুখী পরিবার' চালু করলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫। তৈরিপোশাকের ন্যায্যমূল্য নিশ্চিত করতে মার্কিন রাষ্ট্রদূতের হস্তক্ষেপ চান বাণিজ্যমন্ত্রী

৬। মহাসড়কের পাশে কোরবানির হাট নয় : সেতুমন্ত্রী

৭। দেশকে এগিয়ে নিতে টেকসই রাজনীতি ও অর্থনীতি দরকার : তথ্যমন্ত্রী

৮। উন্নত দেশগুলোর সহযোগিতা অব্যাহত রাখতে হবে : জাতিসংঘে পরিকল্পনামন্ত্রী

৯। ৮ বিভাগে ১০০ শয্যার ক্যান্সার হাসপাতাল হবে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

১০। মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন আরও ৩৮ বীরাঙ্গনা

চলমান পাতা-২

১। **জাতীয় বৃক্ষরোপণ অভিযান শুরু : আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৮ জুলাই বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে পরিবেশ মেলা, জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উদ্বোধন করবেন। রাজধানীর শেরেবাংলা নগরে বাণিজ্য মেলার মাঠে সাত দিন পরিবেশ মেলা এবং মাসব্যাপী বৃক্ষমেলা চলবে। উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী 'জাতীয় পরিবেশ পদক' ও বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার এবং সামাজিক বনায়নের সুবিধাভোগীদের মধ্যে চেক বিতরণ করবেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

২। **মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা জিটুপি পদ্ধতিতে প্রদান কার্যক্রমের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

আগামী জাতীয় নির্বাচনে ক্ষমতায় ফেরার ক্ষেত্রে সৃষ্টিকর্তা আর জনগণের ওপর ভরসার কথা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'সামনে আবার নির্বাচন। এটা সম্পূর্ণ নির্ভর করে আল্লাহর ওপর আর জনগণের ওপর'। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কক্সবাজার জেলার ভাতাভোগী মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা জিটুপি পদ্ধতিতে প্রদান কার্যক্রমের উদ্বোধন করে এ কথা বলেন তিনি। বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা নারী ও প্রতিবন্ধীসহ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন সুবিধাভোগীরা এখন ভাতা সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে পাবেন। প্রথমবারের মতো এ ভাতা বিতরণ ইলেক্ট্রনিক পদ্ধতিতে শুরু হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৩। **বড় বোনের মৃত্যুতে সমবেদনা জানাতে আইনমন্ত্রীর বাসায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) আইনমন্ত্রী আনিসুল হকের রাজধানীর বনানীর বাসায় যান। এ সময় মন্ত্রীর বড় বোন সায়মা ইসলামের মৃত্যুতে পরিবারের সদস্যদের সান্ত্বনা দেন তিনি। এ সময় আইনমন্ত্রী ও তাঁর মাসহ পরিবারের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। আইনমন্ত্রী আনিসুল হকের বড় বোন ও বিশিষ্ট আইনজীবী মরহুম সিরাজুল হকের বড় মেয়ে সায়মা ইসলাম (৬৫) গত ১৪ জুলাই শনিবার রাত ১টায় রাজধানীর অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (১৯ পৃ.,ক.৮)।

৪। **প্রসূতি মায়ের জন্য দেওয়া অ্যাম্বুলেন্সের সঠিক ব্যবহার করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**
**কল সেন্টার 'সুখী পরিবার' চালু করলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

প্রসূতি মায়েদের সেবায় দেওয়া অ্যাম্বুলেন্সের সঠিক ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) রাজধানীর পরিবার পরিকল্পনা অধিদফতরে এমসিআরএএইচ-অপারেশনাল প্ল্যানের আওতায় অ্যাম্বুলেন্স হস্তান্তর অনুষ্ঠানে তিনি বলেন, প্রসূতি মায়েদের সেবায় দেওয়া অ্যাম্বুলেন্সের সঠিক ব্যবহার নিশ্চিত করার মধ্য দিয়ে স্বাস্থ্যসেবার মান এগিয়ে নিতে হবে। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী পাঁচ জেলায় পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালকের হাতে অ্যাম্বুলেন্সের চাবি হস্তান্তর করেন। পর্যায়ক্রমে সব জেলায় অ্যাম্বুলেন্স দেওয়া হবে বলে জানান তিনি।

অপরদিকে পরিবার পরিকল্পনা অধিদফতরে 'সুখী পরিবার' নামে একটি কল সেন্টার স্থাপন করেছে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়। গতকাল এ অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী কল সেন্টারটি উদ্বোধন করেন, যার নম্বর ১৬৭৬৭। এ নম্বরে কল দিলেই পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য বিষয়ে সার্বক্ষণিক পরামর্শ পাওয়া যাবে। জরুরি প্রসূতিসেবা ও বাল্যবিয়ে রোধের ক্ষেত্রেও কল সেন্টারটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৫। **তৈরিপোশাকের ন্যায্যমূল্য নিশ্চিত করতে মার্কিন রাষ্ট্রদূতের হস্তক্ষেপ চান বাণিজ্যমন্ত্রী**

তৈরিপোশাকের ন্যায্যমূল্য নিশ্চিত করতে মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাটের হস্তক্ষেপ চেয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, পোশাক শ্রমিকদের মজুরি বৃদ্ধির প্রক্রিয়া শুরু হয়েছে। তাদের মজুরি বাড়বে। কারখানা সংস্কারে কোটি কোটি টাকা বিনিয়োগ করেছেন উদ্যোক্তারা। অথচ

পোশাকপণ্যের ন্যায্যমূল্য পাওয়া যাচ্ছে না। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) রাজধানীতে আয়োজিত এক অনুষ্ঠানে এসব কথা বলেন মন্ত্রী। দুই ক্রেতা জোট ইউরোপের অ্যাকর্ড ও আমেরিকার অ্যালায়েন্সের বিকল্প প্ল্যাটফর্ম হিসেবে জাতীয় উদ্যোগ রেমিডিয়েশেন কোঅর্ডিনেশন সেলের (আরসিসি) অগ্রগতি সম্পর্কিত এ অনুষ্ঠানের আয়োজন করে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। রাজধানীর এক হোটেলে আয়োজিত এ অনুষ্ঠানে বক্তৃতা করেন শ্রম ও কর্মসংস্থান

প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু এবং মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৬। মহাসড়কের পাশে কোরবানির হাট নয় : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঈদুল ফিতরে মহাসড়কে যানজট ছিল না, কোরবানির ঈদেও তেমন শঙ্কা নেই। ঈদুল আজহায় সরকারের প্রধান টার্গেট সড়কে যানজট নিরসনের পাশাপাশি দুর্ঘটনা কমানো। তাই মহাসড়কের দু'পাশে যেখানে-সেখানে কোরবানির পশুর হাট বসতে দেওয়া হবে না। মন্ত্রী গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলার ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের জামালদি মেঘনাঘাট প্রকল্প এলাকায় 'ঈদুল আজহার আগে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের যানজট নিরসনকল্পে করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**৭। দেশকে এগিয়ে নিতে টেকসই রাজনীতি ও অর্থনীতি দরকার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে নিতে হলে টেকসই রাজনীতি এবং অর্থনীতি দরকার। এ টেকসই রাজনীতির জন্য জঙ্গি, সাম্প্রদায়িকদের ক্ষমতার বাইরে রাখতে হবে। অন্যদিকে টেকসই অর্থনীতির জন্য অন্তর্ভুক্তির অর্থনীতি অনুসরণ করতে হবে। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) রাজধানীর পল্টনে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত লেখক সম্মাননা ও ওয়েবসাইট উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **যুগান্তর** (পৃ.১৮,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। উন্নত দেশগুলোর সহযোগিতা অব্যাহত রাখতে হবে : জাতিসংঘে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে স্বল্পোন্নত এবং সাম্প্রতিক এলডিসি থেকে উত্তরণের পথে থাকা দেশগুলোতে উন্নত দেশের সহযোগিতা অব্যাহত রাখতে হবে। নিউইয়র্কে জাতিসংঘ সদরদফতরে এসডিজির অগ্রগতিবিষয়ক শীর্ষপর্যায়ের রাজনৈতিক ফোরামে গত ১৬ জুলাই সোমবার স্বল্পোন্নত দেশগুলোর পক্ষে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে বক্তৃতাকালে মন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন, মূলধারার টেকসই উন্নয়নের স্বার্থে এ অবস্থা উত্তরণকালীন দেশগুলোর দুর্বলতা নিয়ে আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্বল্পোন্নত দেশগুলোকে বিভিন্ন ধরনের অভিঘাত ও সঙ্কটের সম্মুখীন হতে হয়, যেগুলো পরিবেশ ও জলবায়ুর সাথে সম্পৃক্ত। সম্পদের সদ্ব্যবহার ও কারিগরি দক্ষতাকে কাজে লাগিয়ে পরিবর্তিত পরিস্থিতির সাথে সঙ্গতি স্থাপন করে যেকোনো অভিঘাতের বিরুদ্ধে টিকে থাকতে সব পর্যায়ের প্রচেষ্টাকে উজ্জীবিত করতে হবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১৩,ক.৪)।

**৯। ৮ বিভাগে ১০০ শয্যার ক্যান্সার হাসপাতাল হবে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

বাংলাদেশে ক্যান্সার রোগীদের চিকিৎসায় ৮টি বিভাগীয় শহরে ১০০ শয্যাবিশিষ্ট ৮টি হাসপাতাল নির্মিত হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক। এতে করে ক্যান্সার আক্রান্ত রোগীদের চিকিৎসায় সময় ও অর্থ বাঁচবে বলে মন্তব্য করেন তিনি। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) রাজধানীর বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন মিলনায়তনে 'ক্যান্সার চিকিৎসায় সামাজিক ও অর্থনৈতিক বাধা দূর করতে মিডিয়ার ভূমিকা' শীর্ষক আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬)।

**১০। মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন আরও ৩৮ বীরাঙ্গনা**

একাত্তরে পাকিস্তানি বাহিনী ও তার দোসরদের হাতে নির্যাতিত আরও ৩৮ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৫৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তাদের মুক্তিযোদ্ধার এ স্বীকৃতি দেওয়া হয়। এ বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে সম্প্রতি গেজেটও প্রকাশ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রাকৃতিক উৎস হতে মৎস্য উৎপাদনে বাংলাদেশ বিশ্বের তৃতীয় অবস্থানে উঠে এসেছে উল্লেখ করে এ খাতের উন্নয়নে মৎস্যচাষিদের প্রণোদনা দেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের পাসপোর্ট করিয়ে দিতে একটি চক্র গড়ে উঠেছে উল্লেখ করে এ ধরনের জালিয়াত চক্রের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

গ. **ভোরের কাগজ :** চলতি বছর ১৪৪টি হজ এজেন্সির অনিয়মের কারণে সাড়ে ২৬ হাজার হজযাত্রীর পবিত্র হজ পালন অনিশ্চিত হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এ সংকট সমাধানে ধর্ম মন্ত্রণালয়সহ সরকারের শীর্ষ পর্যায় থেকে বিশেষ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল, যায়যায়দিন** : বাল্যবিয়ে হ্রাসে আইনি কাঠামো ও প্রশাসনিক উদ্যোগ সত্ত্বেও দেশে বাল্যবিয়ের হার কমছে না উল্লেখ করে এ ব্যাপারে পরিবার ও সমাজে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ধর্ম মন্ত্রণালয় কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের দ্বারা সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে গৃহীত দুই বছর মেয়াদি প্রকল্পের বিষয় তুলে ধরে বাংলাদেশ থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদের মূলোৎপাটনের কোনো বিকল্প নেই বলে অভিমত।

চ. **ডেইলি সান** : রাজধানী জুড়ে চলা সড়ক উন্নয়ন কর্মকাণ্ডে কয়েকজন কন্ট্রাক্টরের দুর্বল ব্যবস্থাপনায় সৃষ্ট জনদুর্ভোগের পরিপ্রেক্ষিতে সড়ক উন্নয়ন কাজ দ্রুত শেষ করার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** নিম্নমানের প্রিন্টিংয়ের কারণে ১ কোটি লোকের লেমিনেটেড জাতীয় পরিচয়পত্র কার্ড প্রদান কার্যক্রমে বিশৃঙ্খলা দেখা দেওয়ায় নির্বাচন কমিশনকে দ্রুত এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের আহ্বান।

জ. **নিউ এজ** : চুয়াডাঙ্গা শহরের ইমপ্যাক্ট মাসুদুল হক মেমোরিয়াল কমিউনিটি হেলথ সেন্টারে ২০ জনের চোখ হারানোর ঘটনায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের তদন্ত প্রতিবেদন নিয়ে হাইকোর্টের অভিমত তুলে ধরে ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ প্রদানের প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন :** জাতীয়গ্রিডে আমদানিকৃত এলএনজি সরবরাহে বিলম্ব হওয়ায় সরকারকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরিবেশ সুরক্ষায় সরকারের পাশাপাশি জনগণকেও ভূমিকা রাখতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'যোগ্যতাভিত্তিক মূল্যায়ন ও মানসম্পন্ন শিক্ষা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানসম্পন্ন শিক্ষা বাস্তবায়নের পূর্বশর্ত মানসম্পন্ন শিক্ষক নিয়োগ দান।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা